

ওরা তো জাগবেই, রাগবেই

অরণ্য তো ওদেরই,
এতে তাদেরই অধিকার!
সে অধিকারে বাধা দিলে
ওরা তো জাগবেই, রাগবেই!

যুগযুগ ধরে ওরা অরণ্যের নিত্য সাথী,
একান্ত আপনজন, আত্মার আত্মীয়!
কিংবা বলা যায়, তার প্রিয় সন্তান!

অরণ্যের গভীরে ওরা যখন
বুঁদ হয়ে শিকার ধরে বেড়ায়,
কিংবা হরিৎ বৃক্ষ থেকে
ডালপালা ফলমূল সংগ্রহ করে
তাদের ক্ষুধা নিবৃত্তির জন্য,
তখন স্তম্ভদায়িনী মায়ের মত
অপার স্নেহমমতায়
অরণ্য যেন মিটি মিটিহাসে!

রাতে হাঁড়িয়া খেয়ে
ওরা যখন উল্লাসে মাদল বাজায়।
ফুটফুটে জোছনার গন্ধ মেখে
সব মেয়েমরদ হেলেদুলে নেচে
আনন্দের হিল্লোল তোলে,

তখন অরণ্যের পাতায় পাতায়
এক অপূর্ব শিহরণ জাগে!

তা সেই অরণ্যের সন্তানেরা
যদি দেখে
তাদের ন্যায় অধিকার
কেড়ে নিতে আসছে কেউ,
ওরা তো জাগবেই, রাগবেই!

বীরের মুখোপাধ্যায়

